

■■ সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৬৮৭৮

৮৭/ রক্তপণ (كتاب الديات)

পরিচ্ছেদঃ ৮৭/৬. আল্লাহর বাণীঃ প্রাণের বদলে প্রাণ.....। (সূরা আল-মায়িদাহ ৫/৪৫)

بَابِ قَوْلِ اللهِ تَعَالَى {أَنَّ النَّفْسَ بِالنَّفْسِ وَالْعَيْنَ بِالْعَيْنِ وَالْأَنْفَ بِالْأَنْفِ وَالْأَذُنِ وَالسِّنَّ بِالْأَنْفَ بِالْأَنْفِ وَالْأَذُنِ وَالسِّنَّ وَالْجُرُوحَ قِصَاصٌ فَمَنْ تَصَدَّقَ بِهِ فَهُوَ كَفَّارَةٌ لَهُ وَمَنْ لَمْ يَحْكُمْ بِمَا أَنْزَلَ اللهُ فَأُولَئِكَ هُمُ الظَّالِمُونَ} هُمْ الظَّالِمُونَ}

আরবী

عُمَرُ بْنُ حَفْصٍ حَدَّثَنَا أَبِي حَدَّثَنَا الْأَعْمَشُ عَنْ عَبْدِ اللهِ بْنِ مُرَّةَ عَنْ مَسْرُوقٍ عَنْ عَبْدِ اللهِ قَالَ وَاللهِ عَلَىٰ اللهِ عليه وسلم لاَ يَحِلُّ دَمُ امْرِئٍ مُسْلِمٍ يَشْهَدُ أَنْ لاَ إِلٰهَ إِلاَّ اللهِ قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم إلاَّ بإِحْدَى ثَلاَثٍ النَّفْسُ بِالنَّفْسِ وَالتَّيِّبُ اللهُ عليه وسلم إلاَّ بإِحْدَى ثَلاَثٍ النَّفْسُ بِالنَّفْسِ وَالتَّيِّبُ اللهُ عليه وسلم إلاَّ بإحْدَى ثَلاَثٍ النَّفْسُ بِالنَّفْسِ وَالتَّيِّبُ النَّانِي وَالْمَارِقُ مِنْ الدِينِ التَّارِكُ لِلْجَمَاعَةِ.

বাংলা

৬৮৭৮. 'আবদুল্লাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কোন মুসলিম ব্যক্তি যদি সাক্ষ্য দেয় যে, আল্লাহ্ ব্যতীত আর কোন ইলাহ্ নেই এবং আমি আল্লাহর রাসূল, তিন-তিনটি কারণ ছাড়া তাকে হত্যা করা বৈধ নয়। (যথা) জানের বদলে জান, বিবাহিত ব্যভিচারী, আর নিজের দ্বীন ত্যাগকারী মুসলিম জামাআত থেকে পৃথক হয়ে যাওয়া ব্যক্তি।[1] [মুসলিম ৬/২৮, হাঃ ১৬৭৬] (আধুনিক প্রকাশনী- ৬৩৯৯, ইসলামিক ফাউন্ডেশন- ৬৪১২)

English

Narrated `Abdullah:

Allah's Messenger () said, "The blood of a Muslim who confesses that none has the right to be worshipped but Allah and that I am His Apostle, cannot be shed except in three cases: In Qisas for murder, a married person who commits illegal sexual intercourse and the one who reverts from Islam (apostate) and leaves the Muslims."



ফুটনোট

[1] হাদীসে উল্লেখিত "জামা'আত" দ্বারা উদ্দেশ্য جماعة المسلمين তথা মুসলিমদের জামা'আত। অর্থাৎ মুরদাত হওয়ার মাধ্যমে মুসলিমদের থেকে বিচ্ছিন্ন হয় অথবা মুরতাদ (স্বধর্মত্যাগী) হওয়ার মাধ্যমে মুসলিমদের ছেড়ে দেয়। সুতরাং جماعة শব্দটি المفارق ও تارك শব্দদ্বয়ের বিশেষণ। যা স্বতন্ত্র বিশেষণ নয়। কারণ স্বতন্ত্র বিশেষণ ধরা হলে হাদীসে উল্লেখিত তিনটি বৈশিষ্ট্যের স্থলে চারটি বৈশিষ্ট্য হয়ে যাবে। উল্লেখ্য যে, হাদীসে উল্লেখিত "জামা'আত" দ্বারা "মুসলিমদের মাঝে গড়ে ওঠা ছোট, বড় আঞ্চলিক বা জাতীয় ভিত্তিক কোন সংগঠন" উদ্দেশ্য নেয়া মোটেও ঠিক নয়। বরং তা সহীহ আকীদার পরিপন্থী।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন